01 SEP 2016

তারিখ ... AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# ইবির ভর্তি পরীক্ষা শুরু ১৯ নভেম্বর

## ফরম বিতরণ ১৫ সেপ্টেম্বর

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আগামী ১৯ নভেম্বর ভর্তি পরীক্ষা শুরু হবে। ভর্তি ফরম বিতরণ শুরু হবে আগামী ১৫ সেপ্টেম্বর থেকে। বুধবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানা যায়, গতকাল সকালে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবনের সভাকক্ষে বৈঠক করে কেন্দ্রীয় ভর্তি কমিটি। বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ১৯ নভেম্বর। চলবে ২৪ নভেম্বর পর্যন্ত। ভর্তীচ্ছুরা আগামী ১৫ সেপ্টেম্বর থেকে শুরু করে ২০ অক্টোবর পর্যন্ত ভর্তি ফরম তুলতে পারবে। এ বছর পাঁচটি অনুষদের অধীনে ২৫টি বিভাগের এক হাজার ৬৯৫টি আসনের বিপরীতে ফরম তুলবে ভর্তীচ্ছুরা। এ ছাড়া এ বছর শারীরিক প্রতিবন্ধী কোটায় পাঁচটি আসন বাড়িয়ে ২০ আসন করা হয়েছে।